



কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (ডাইফ)  
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়



৩ সেপ্টেম্বর, ২০১৯

## কলকারখানা অধিদপ্তরে প্রাপ্ত ৯৫ ভাগ শ্রম অভিযোগ নিষ্পত্তি

গত সাত মাসে প্রাপ্ত শ্রম অভিযোগের ৯৫ ভাগ নিষ্পত্তি করেছে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (ডাইফ)। শ্রম অভিযোগ ব্যবস্থাপনা ও অভিযোগ নিষ্পত্তি বিষয়ক কর্মশালায় অধিদপ্তরের মহাপরিদর্শক জনাব শিবনাথ রায় এ কথা বলেন। আজ ৩ সেপ্টেম্বর, ২০১৯ মঙ্গলবার রাজধানীর প্যাসিফিক সোনারগাঁও হোটেলে দিনব্যাপী এ কর্মশালা অনুষ্ঠিত হয়।

অধিদপ্তরের মহাপরিদর্শক বলেন, গত ৩১ জানুয়ারি ২০১৯ তারিখে অধিদপ্তরে শ্রম সংক্রান্ত অভিযোগ জানানোর জন্য পাঁচ ডিজিটের (১৬৩৫৭) টোল ফ্রি হেল্প লাইন চালু করা হয়। উক্ত হেল্প লাইনের মাধ্যমে ফেব্রুয়ারি, ২০১৯ থেকে আগস্ট, ২০১৯ পর্যন্ত মোট ৭৭১ টি অভিযোগ আসে যার মধ্যে প্রাসঙ্গিক বিবেচনায় ৭৩৭ টি অভিযোগ নিষ্পত্তি করা হয়।

কর্মশালায় আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও) আইএলও'র চীফ টেকনিক্যাল এডভাইজার নীরান রামযুথান বলেন, অভিযোগ ব্যবস্থাপনায় ইতোমধ্যে আমাদের বেশ সাফল্য অর্জিত হয়েছে। তবে কিছু চ্যালেঞ্জও রয়ে গেছে। আমাদের লক্ষ্য হচ্ছে চ্যালেঞ্জগুলো পর্যালোচনার মাধ্যমে অভিযোগ ব্যবস্থাপনা সিস্টেমকে আরও স্বচ্ছ, শ্রমিকবান্ধব ও ফলপ্রসূ করা।

কলকারখানা অধিদপ্তরের মহাপরিদর্শক শিবনাথ রায় (অতিরিক্ত সচিব)-এর সভাপতিত্বে অনুষ্ঠিত কর্মশালায় অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিদর্শক মোঃ জয়নাল আবেদীন (যুগ্ম সচিব), উপমহাপরিদর্শকগণ, শ্রম পরিদর্শক, আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও) এর প্রতিনিধি এবং দেশি বিদেশি স্টেক হোল্ডারগণ উপস্থিত ছিলেন। কর্মশালাটি আইএলও-এর আরএমজি প্রোগ্রাম-এর কারিগরি সহায়তায় অনুষ্ঠিত হয়।

---

মোঃ ফোরকান আহসান, তথ্য ও গণসংযোগ কর্মকর্তা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।

মোবাইল: ০১৯১৮৬৩০১৯৩, ইমেইল: [forkanahsan@gmail.com](mailto:forkanahsan@gmail.com)